

বাংলাদেশে সাম্প্রতিক সাইক্লোন, বন্যা এবং BADRC র ত্রান সহায়তা

আজাদ আলম

জলবায়ু এবং প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনের সাথে সাথে বাড়ছে পৃথিবীর বসবাস কারীদের ভোগান্তি। ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশে প্রতিবছরই ভয়াবহ ঘূর্ণিঝড়, জলোচ্ছাস এবং বন্যার প্রকোপ যেন বেড়েই চলেছে।

২০২৪ সাল ও এর ব্যতিক্রম নয় বরং এবার এমন অনেক অঞ্চল প্লাবিত হয়েছে যা এর আগে তেমনি হয় নি।

বাংলাদেশ অস্ট্রেলিয়া ডিজাস্টার রিলিফ কমিটি (BADRC) ১৯৯৮ সালের জন্ম লগ্ন থেকেই দেশের মানুষের পাশে দাঁড়িয়েছে এমন প্রাকৃতিক দুর্যোগের সময়।

এমন কি বাগের হাট জেলার কাকড়াবুনিয়া গ্রামে সাইক্লোন সেন্টার “ অস্ট্রেলিয়া ভবন “ নির্মিত হয় অস্ট্রেলিয়ায় বসবাস রত প্রবাসী বাংলাদেশীদের সাহায্য অনুদানে।

এবারের রেমাল সাইক্লোনের সময় প্রায় ১০০ টি পরিবার এই সাইক্লোন ভবনে শেল্টার নেয়।

প্রায় প্রতি বছরের মত এ বছরের বন্যা , সাইক্লোনের ক্ষয়ক্ষতির মাত্রা বেশি আর তাই **BADRC**

আপনাদের কাছে **Appeal** করেছে একের অধিক বার ।

আপনাদের সাহায্যের প্রসারিত হাত , অন্তর প্রমাণ করেছে দেশের বাইরে অনেক ব্যস্ততার মাঝে থেকেও ভুলে যান নি বাংলাদেশের দুর্যোগ পিড়িত পরিবারের কথা।

এবার **BADRC** কে ত্রান বিতরণে সাহায্য করেছে ঢাকা আহসানিয়া মিশন এবং সংযোগ ফাউন্ডেশন । তাদের প্রতক্ষ্য পরিচালনায় , রেমাল সাইক্লোনে আক্রান্ত বরগুনা উপজেলায়, কুড়িগ্রাম , গাইবান্ধা এবং ফেনী জেলায় ত্রাণ কাজ সমাধা হয়েছে।

ডিজাস্টার **Appeal** ‘24 এ এ পর্যন্ত অনুদান সংগ্রহের পরিমাণ চল্লিশ হাজার ডলারের বেশি ।

ইতিমধ্যে তিনটি ভিন্ন ভিন্ন প্রজেক্টের মাধ্যমে খাদ্য সামগ্রী হিসাবে এবং ঘরবাড়ী মেরামতের কাজে

বিতরণ করা হয়েছে ২৩ হাজার ডলার। রিজার্ভ হিসাবে বাদবাকি অনুদান **BADRC** র একাউন্টে

জমা আছে। **BADRC** শিগগিরই সিদ্ধান্ত নিবে রিজার্ভে থাকা অনুদান দিয়ে কোন এলাকায় কিভাবে সাহায্য করা যেতে পারে।

বাংলাদেশ অস্ট্রেলিয়া ডিজাস্টার রিলিফ কমিটির সুদীর্ঘ ২৬ বছরের এই পথ চলার শরিক আপনারা প্রবাসী বাংলাদেশীরা ব্যক্তিগত বা সংগঠনগত ভাবে জড়িত থেকে শুধু অনুদান দিয়েই সাহায্য করেন না , এগিয়ে এসেছেন , পরামর্শ দিয়েছেন বিভিন্নভাবে এবং আমাদের কার্যক্রম প্রচার করেছেন নিকটজনের কাছে ।

BADRC বর্তমানে **ACNC** রেজিস্টার ভুক্ত এবং **DGR** স্ট্যাটাস প্রাপ্ত । এর অর্থ হল, আপনাদের অনুদান ট্যাক্স মৌকুফের আওতায় আসবে। আমরা রিসিপ্ট দিতে পারব। এই স্ট্যাটাস প্রাপ্তিতে আমরা উতসাহিত ।**আমাদের** ফান্ড রেইজিং আর ব্যাপ্তি লাভ করবে।

আমরা আরো উতসাহিত এবং আশান্বিত হচ্ছি আমাদের সাথে ফান্ড রেইজিং এ যোগ দিচ্ছে অস্ট্রেলিয়াতে বেড়ে ওঠা নতুন প্রজন্ম। আমরা তাদেরকে স্বাগত জানাই । আসুন তাদের জন্য সুন্দর , সু সংগঠিত একটা প্ল্যাটফর্ম তৈরী করে দেই যার মাধ্যমে তারা শেকরের কথা মনে রাখবে , শেকরের অস্বচ্ছল মানুষদের দুর্যোগ দুর্দশায় সাহায্যের হাত নিয়ে এগিয়ে আসবে। এভাবেই এগিয়ে যাক বাংলাদেশ অস্ট্রেলিয়া ডিজাস্টার রিলিফ কমিটির মানবিক কার্যক্রম ।



বন্যার্তদের জন্য ফান্ড সংগ্রহে সিডনির নতুন প্রজন্মরা | সার জোসেফ ব্যাক্সস পার্কে আয়োজিত পিকনিক প্রগ্রামে সংগৃহীত অনুদানের পরিমান ছিল আট হাজার ডলারের উপরে।



বরগুনায় রেমাল ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থদের সাহায্যে BADRC

দৈনিক এ গিয়ে থাকার প্রত্যয়

ফেনীর সময়

The Daily fenirshomoy

সেনী মল্লভার, ৮ অব্টোবর ২০২৪, ২৩ আর্শিন ১৪৩১, ৪ রবি. সানি ১৪৪৬, রেজি. নং ৫ ৫৭৪, বর্ষ-১৬, স্বখা-১০৪ মূল্য ৫ টাকা



ফুলগাজীতে বন্যায় ক্ষতিগ্রস্ত আড়াইশ পরিবারকে খাদ্য সামগ্রী বিতরণ

ফুলগাজী প্রতিনিধি

ফুলগাজী উপজেলার মুন্সীরহাট ইউনিয়নে বন্যায় ক্ষতিগ্রস্ত ২শ ৫০ পরিবারকে খাদ্য সামগ্রী দিয়েছে আহসানিয়া মিশন। বাংলাদেশ অস্ট্রেলিয়া ডিজাস্টারস রিলিফ কমিটির অর্থায়নে খাদ্যসামগ্রীর মধ্যে ৪০ কেজি চাউল, ২ লিটার তেল, ২ কেজি ডাল, আলু ২ কেজি, চিনি ১ কেজি, পেয়াজ ২ কেজি, লবণ ১ কেজি, মসলা দুই

৩ এর পাতায় দেখুন

ফুলগাজীতে বন্যায় ক্ষতিগ্রস্ত

প্যাকেট রয়েছে। এসময় মুন্সীরহাট পরিষদ সচিব মোহাম্মদ নিজামুল হক, কে-অর্জিনেটর মোঃ মনিরুজ্জামান, ঢাকা আহসানিয়া মিশনের জেনারেল ম্যানেজার আজগর আলী, এরিয়া ম্যানেজার মোঃ রবিউল ইসলাম, প্রজেক্ট ম্যানেজার মোহাম্মদ মহিবুল ইসলাম তুহার, নাসির উদ্দীন সেলিম প্রমুখ উপস্থিত ছিলেন।



কুড়িগ্রামে বন্যার্তদের পাশে BADRC